দৈনিক ইনকিলাব • 069

তারিখ 26 OCT 1986

পৃষ্ঠা 4

## উপজেলা পরিক্রমা

# মুরাদনগর

॥আবদুল আজিজ মাসুদ॥

কুমিল্লা সদর থেকে ২৪ মাইল উত্তর পশ্চিমে মুরাদনগর উপজেলা, নজরুল নার্গিসের বহু স্মৃতি বিজড়িত এই উপজেলার একটি গ্রাম দৌলতপুর। এখানে নজরুল বহু গান কবিতা রচনা করেছেন।

এই উপজেলার উত্তরে নবীনগর ও বাঞ্ছারামপুর উপজেলা, দক্ষিণে চান্দিনা ও দেবিদ্বার, পূর্বে কসবা, দেবীদ্বার ও ব্রাহ্মণপাড়া এবং পশ্চিমে দাউদকান্দি ও হোমনা উপজেলা। এর আয়তন ১৩২ বর্গমাইল। এতে আছে ২৯টি ইউনিয়ন ২৮৮টি গ্রাম। লোকসংখ্যা ৪,০৫৯০০ জন

### কৃষি

এই উপজেলার অধিকাংশ বাসিন্দাই কৃষি নির্ভরশীল। এখানে প্রধান ফসল ধান, পাট, আলু, সরিষা ইত্যাদি। সার, কীটনাশক আধুনিক কৃষি সরঞ্জামাদির অভাবে কৃষি উৎপাদনে লক্ষ্যমাত্রা অর্জিত হয় না। এই উপজেলায় ৮৪,৪৮০ একর জমির মধ্যে আবাদী জমির পরিমাণ ৬২০০০ একর। এর মধ্যে এক ফসলী জমির পরিমাণ ৯৯০০ একর, দোফসলী জমি ৪৫,০০০ একর, তিনফসলী ৭০০০ একর। সেচাধীন জমির পরিমাণ ১৩,৫৪৫ একর।

### শিক্ষা

এ উপজেলায় শিক্ষিতের হার ২১.৩%। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৪৭টি, বেসরকারী ১৬টি, মাধ্যমিক স্কুলের সংখ্যা ২৬টি, মহাবিদ্যালয়ের সংখ্যা ২টি, সিনিয়র মাদ্রাসা ৫টি, জুনিয়র মাদ্রাসা ৫টি, ফোরকানিয়া মাদ্রাসা ২০১টি, বৃত্তিমূলক প্রতিষ্ঠান ২টি ও এতিমখানার সংখ্যা ৪টি। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবস্থা অত্যন্ত করুণ।

প্রয়োজনের তুলনায় চেয়ার টেবিল কম।

### জনস্বাস্থ্য

এ উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্স একটি, উপস্বাস্থ্য কেন্দ্র ৩টি, দাতব্য চিকিৎসালয় ৪টি, ৫,০০০৬২ টাকা ব্যয়ে ৪টি উপস্বাস্থ্য কেন্দ্রের মেরামত, স্বাস্থ্য পরিচ্ছন্নতা ও রোগ পতিরোধ ক্ষমতা সৃষ্টির একটি প্রকল্প, পরিবার পরিকল্পনার ১টি ক্লিনিকসহ মোট ৭টি প্রকল্পের কাজ নেয়া হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে ব্যাপক দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। প্রায় সময়ই রোগীদের বাইরে থেকে ওষুধপত্র ক্রয় করতে হয়।

### যোগাযোগ।

এই উপজেলার যোগাযোগ ব্যবস্থা মোটেই সন্তোষজনক নয়। কোম্পানীগঞ্জ থেকে নবীনগর এই গুরুত্বপূর্ণ ব্যস্ততম রাস্তাটির অবস্থা অত্যন্ত করুণ। রাস্তাটির সামান্য অংশ পাকা করে বাকী অংশটুকু এখনো কাঁচা অবস্থায় আছে। কর্তৃপক্ষের এদিকে কোনই নজর নেই। এ উপজেলায় সড়ক ও জনপথ বিভাগের সড়ক বয়েছে ১টি, দৈর্ঘ ৩ মাইল। উপজেলা পরিষদের ৮৫ মাইল। ইউনিয়ন পরিষদের ১শ' ২৫ মাইল। বাখরাবাদের সড়ক ৬ মাইল।

### সমবায় সমিতি

প্রাথমিক সমবায় সমিতির "সংখ্যা ৩৯৫টি, সদস্য সংখ্যা ১৩,৮,১০ জন। মূলধন—৭,৮৮,৪৫০/-, সাধারণ সমবায় সমিতি ১১৪টি, সদস্য ২১,৪৭৮ জন।

### বিবিধ

এ উপজেলায় মসজিদ ৪৩৭টি, মন্দির ৩৮টি, ব্যাংক ১১টি, বীজাগার ১টি, খাদ্য গুদাম ২টি, সাব-পোস্ট অফিস ৫টি ও ব্রাঞ্চ পোস্ট অফিস ২৭টি রয়েছে।